

## 🗏 মারইয়াম | Maryam | مُرْيَم

আয়াতঃ ১৯:২

## 💵 আরবি মূল আয়াত:

## ذِكُرُ رَحمَتِ رَبِّكَ عَبدَهُ زَكَرِيًّا ﴿٢﴾

## 

এটা তোমার রবের রহমতের বিবরণ তাঁর বান্দা যাকারিয়্যার প্রতি। — আল-বায়ান

এটা তোমার প্রতিপালকের অনুগ্রহের বিবরণ তাঁর বান্দাহ যাকারিয়্যার প্রতি। — তাইসিরুল

এটা তোমার রবের অনুগ্রহের বিবরণ, তাঁর দাস যাকারিয়ার প্রতি। — মুজিবুর রহমান

[This is] a mention of the mercy of your Lord to His servant Zechariah — Sahih International

- ২. এটা আপনার রব-এর অনুগ্রহের বিবরণ তার বান্দা যাকারিয়্যার(১) প্রতি,
  - (১) হাদীসে এসেছে, যাকারিয়্যা আলাইহিস সালাম কাঠ-মিস্ত্রির কাজ করতেন। [মুসলিম: ২৩৭৯] এতে বুঝা গেল যে, নবী-রাসূলগণ জীবিকা অর্জনের জন্য বিভিন্ন কারিগরি পেশা অবলম্বন করতেন। তারা কখনো অপরের উপর বোঝা হতেন না।

তাফসীরে জাকারিয়া

- (২) এটা তোমার প্রতিপালকের অনুগ্রহের বিবরণ তাঁর দাস যাকারিয়ার[1] প্রতি।
  - [1] যাকারিয়া (আঃ) বানী ইস্রাঈলের একজন নবী ছিলেন। তিনি ছিলেন ছুতোর এবং এই পোশাই ছিল তাঁর জীবিকার একমাত্র উপায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2252

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন